

### কোটেশন বিজ্ঞপ্তি

ব্যবস্থাপক, কেন্দ্রীয় খাদ্য সংরক্ষণাগার, ময়মনসিংহ এর কার্যালয়ে ২০২৩-২৪ অর্থ বছরের অবশিষ্ট সময়ের জন্য সংগ্রহ ও বিতরণকৃত স্টেনসিল মার্ক তৈরীর প্রয়োজনীয় উপকরণ সরবরাহের জন্য কোটেশনের মাধ্যমে নিম্নোক্ত উপকরণ সরবরাহ করার নিমিত্ত বৈধ সরবরাহকারী প্রতিষ্ঠান/এজেন্টদের নিকট হতে সীলমোহরকৃত খামে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | আসবাবপত্রের নাম   | সংখ্যা                                | বিনির্দেশ   | একক টাকার পরিমাণ |
|-----------|---|---------------------------------------|---|------------------|
| ১।        | স্টেনসিল হাতল ওয়ালা কাঠের ফ্রেম (৮.২৫ ইঞ্চি X ৪.২৫ ইঞ্চি) ও রাবার স্ট্যাম্প (৮ ইঞ্চি X ৪ ইঞ্চি) সাইজের | ১৫ ধরনের (কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক) | কাঠ ও রাবারের স্টেনসিলটিতে নমুনা অনুযায়ী “বিতরণকৃত” শব্দটির অক্ষরসমূহ ২ সে.মি এবং তার নিচে “এলএসডির নাম”, “খাতের নাম” ও “সন” ১.৫ সে.মি. হবে হবে) নমুনা কপি সংযুক্ত |                  |
| ২।        | রেড হাঙ্গেড রং  | প্রতি লিটার                           | তরল   |                  |
| ৩।        | ব্লু ব্লো থিনার   | প্রতি লিটার                           | তরল   |                  |
| ৪।        | রং রাখার ট্রে   | প্রতিটি                               | প্লাস্টিক কভারযুক্ত   |                  |
| ৫।        | সাদা গাম  | প্রতি লিটার                           | তরল   |                  |
| ৬।        | ফোম   | প্রতিটি ট্রের জন্য                    | ট্রে-র মাপের  |                  |

### শর্তাবলীঃ

- আগ্রহী কোটেশন দরদাতাগণকে তাদের প্রতিষ্ঠানের নামে ছাপানো প্যাডে ব্যবস্থাপক, কেন্দ্রীয় খাদ্য সংরক্ষণাগার, ময়মনসিংহ বরাবর কোটেশন দাখিল করতে হবে।
- কোটেশনের প্রতি আইটেমওয়ারী দর অংকে এবং কথায় স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। মোট দরের মধ্যে যিনি সর্বনিম্ন দর প্রদান করবেন তার দর গৃহীত হবে। টাকার অংক কোন রকম কাটাকাটি বা ঘষামাজা চলবে না।
- নির্বাচিত দরদাতার নিজ খরচে প্রতি মাসে চাহিত উপকরণ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছিয়ে দিতে হবে।
- কোটেশন আগামী ২৮/১/২০২৪ ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত ব্যবস্থাপক, কেন্দ্রীয় খাদ্য সংরক্ষণাগার, ময়মনসিংহ এর কার্যালয়ে রক্ষিত বক্সে গ্রহণ করা হবে। ঐ দিনই দুপুর ২.৩০ ঘটিকায় উপস্থিত কোটেশন দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হবে।
- কোটেশনের সাথে হাল সনের ব্যবসা সংক্রান্ত ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN) সংক্রান্ত দালিলিক প্রমাণাদি সংযোজন করতে হবে (যদি থাকে)। অন্যথায় তার দর বাতিল বলে গণ্য হবে।
- মোট প্রদত্ত দরের উপর বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।
- যেকোনো কারণে অথবা কোন কারণ ছাড়াই যেকোনো কোটেশন গ্রহণ বা সকল কোটেশন গ্রহণ বা সকল কোটেশন বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

(মুহাম্মদ আশরাফ আলী)  
সহকারী ব্যবস্থাপক তথা  
আয়ন-ব্যয়ন কর্মকর্তা  
কেন্দ্রীয় খাদ্য সংরক্ষণাগার  
ময়মনসিংহ।

Email: csd.mym@dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.৬১০০.৫২১.০৭.০০১.১৯.৫৫(৮)

তারিখঃ ১৮/১/২০২৪ ইং।

অনুলিপি সয়দ অবগতি/অবগতির জন্য দেয়া হলোঃ

- ১। পরিচালক, প্রশাসন/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ।
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ময়মনসিংহ।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ।
- ৫। জনাব হাসান মাহমুদ শাহরিয়ার, ইন্সট্রাক্টর (শারীরিক শিক্ষা), পিটিআই, ময়মনসিংহ ও সদস্য, কোটেশন মূল্যায়ন কমিটি।
- ৬। জনাব নাজমুল হক, খাদ্য পরিদর্শক, ময়মনসিংহ সিএসডি ও সদস্য, কোটেশন মূল্যায়ন কমিটি।
- ৭। ইনচার্জ মজুদ/তল্লাশী/অডিট শাখা, ময়মনসিংহ সিএসডি।
- ৮। মাস্টার ফাইল।

ব্যবস্থাপক  
কেন্দ্রীয় খাদ্য সংরক্ষণাগার  
ময়মনসিংহ।